

এগ্রিজেব ৮০ ডব্লিউ পি

এগ্রিজেব ম্যানকোজেব জাতীয় একটি স্পর্শক গুণ সম্পন্ন ছত্রাক নাশক। যা আলু, টমেটো সহ অন্যান্য ফসলের যাবতীয় পঁচন রোগ দমন করে। এগ্রিজেব বেলজিয়ামের তৈরী যা ইউরোপ, আমেরিকা ও আফ্রিকার অধিকাংশ আলু উৎপাদনকারী দেশে বহুল ব্যবহৃত ও প্রশংসিত ছত্রাক নাশক।

আলু গাছের লেইট ব্লাইট বা নাবী ধ্বসা রোগের লক্ষণ :

Phytophthora infestans (ফাইটপথোরা ইনফেস্টিয়াস) নামক ক্ষুদ্র পরভোজী ছত্রাকের আক্রমণে এ রোগ হয়। রোগের প্রাথমিক অবস্থায় পাতার আগায় ও কিনারায় ছোট ছোট আঁকা বাঁকা পানি ভেজা দাগ দেখা যায়। ক্রমে বয়সের সংগে সংগে দাগগুলি প্রথমে বাদামী রং এবং পরে কালো রং ধারণ করে। অনুকূল আবহাওয়ায় দাগগুলি দ্রুত বাড়ে ও পত্র ফলক, পত্র বৃন্তসহ সমস্ত পাতায় ছড়িয়ে পড়ে এবং পঁচে গাছ মরে যায়। রোগের প্রকোপ বেশী হলে পঁচা অংশ থেকে দুর্গন্ধ বের হয়। আর্দ্র ও স্যাঁতস্যাঁতে আবহাওয়ায় রোগ মাটির নীচে আলুতে ছড়িয়ে পড়ে।

রোগ বিস্তারের অনুকূল অবস্থা :

নিম্ন বর্ণিত ৪টি অবস্থার সমন্বয় ঘটলে এ রোগ মহামারি আকারে দেখা দেয়।

- ১) রাতে তাপমাত্রা কমপক্ষে ৪ ঘন্টা শূন্য ডিগ্রী সেন্টিগ্রেডের নীচে থাকলে।
- ২) রাতে ১০° সেন্টিগ্রেড অথবা এর কিছু বেশী তাপমাত্রা থাকলে।
- ৩) পরবর্তী দিন আকাশ মেঘাচ্ছন্ন থাকলে।
- ৪) ইহার পরবর্তী ২৪ ঘন্টায় কমপক্ষে ৩.১ মিলি মিটার বৃষ্টিপাত হলে।

রোগ নিয়ন্ত্রণ :

- ১) রোগমুক্ত আলু বীজ বপন করা।
- ২) বীজ লাগানোর পূর্বে এগ্রিজেব দিয়ে আলু বীজ শোধন করে নিতে হবে।
- ৩) আলু গাছ লাগানোর ২৫-৩০ দিন পর অথবা গাছে ৩-৪ পাতা অবস্থায় ক্ষেতে এগ্রিজেব ছিটাতে হবে। পরে ১০-১২ দিন অন্তর অন্তর এ ওষুধ নিয়মিত ছিটালে রোগ আক্রমণের ভয় থাকে না।

এগ্রিজেবের বৈশিষ্ট্য :

- এগ্রিজেব উচ্চ গুণগত মান সম্পন্ন স্পর্শক ও স্থানীয় ভেদনক্ষম ছত্রাক নাশক।
- এগ্রিজেব প্রতিরোধক ও প্রতিষেধক গুণসম্পন্ন ছত্রাক নাশক।
- এগ্রিজেব আলু ও টমেটোর মড়ক রোগ দমনে অত্যন্ত কার্যকর।
- এগ্রিজেব ফসলের যে কোন বৃদ্ধি পর্যায়ে ব্যবহার করা যায়।
- এগ্রিজেব স্প্রে করার সাথে সাথে ছত্রাক দমন করে বলে রোগ ছড়াতে পারে না।
- এগ্রিজেব এ জিংক (Zn) ও ম্যাঙ্গানিজ (Mn) থাকায় স্প্রে করার পর গাছ গাঢ় সবুজ রং ধারণ করে।

প্রয়োগ মাত্রা :

ফসল	রোগের নাম	একর প্রতি মাত্রা
আলু	নাবী ধ্বসা বা লেইট ব্লাইট	১ কেজি
	আশু ধ্বসা বা আর্লি ব্লাইট	১ কেজি
টমেটো	নাবী ধ্বসা বা লেইট ব্লাইট	১ কেজি
	আশু ধ্বসা বা আর্লি ব্লাইট	১ কেজি
বাদাম	টিক্কা	১ কেজি

ব্যবহার বিধি :

আলু গাছ লাগানোর ২৫-৩০ দিন পর যখন গাছে ৩-৪ পাতা দেখা যায় তখন প্রথম বার এগ্রিজেব ব্যবহার করুন। প্রয়োজনে একই হারে ১০ দিন পর পর ২-৩ বার এগ্রিজেব স্প্রে করুন। তবে টমেটোর ক্ষেত্রে চারা রোপনের ৭ দিন পর স্প্রে করতে হবে।

প্যাকিং : ১০০ গ্রাম, ৫০০ গ্রাম ও ১ কেজি।

প্রস্তুতকারক : এগ্রিফার এস. এ. বেলজিয়াম